# যেভাবে ইউটিউব ভিডিও ডাউনলোড করবেন

তাসনুভা মাহ্‌মুদ

বর্তমানে প্রতি মিনিটে ইউটিউবে অসংখ্য ফুটেজ আপলোড হয়। ইউটিউবকে এমনভাবে ডিজাইন করা হয়েছে, যাতে ব্যবহারকারীরা তাদের ওয়েবসাইটে শুধু মনোযোগ সহকারে ভিডিও পর্যবেক্ষণ এবং অবলোকন করতে পারবেন। অনেক ব্যবহারকারী পছন্দের ইউটিউব ভিডিও তাদের কমপিউটারে ডাউনলোড করতে চান বা সেভ করে রাখতে চান, যাতে পরবর্তী সময়ে ইন্টারনেটে বা অন্য ডিভাইসে যুক্ত না হয়ে সেগুলো উপভোগ করা যায়। অবশ্য এ সময় আরেকটি বিষয় সচেতনভাবে ব্যবহারকারীদের মনে সবসময় উচ্চারিত হতে দেখা যায়, তাহলো ইউটিউব ভিডিও ডাউনলোড করা বৈধ কি না?

আমাদের সবার মনে রাখা উচিত, ইউটিউব ভিডিও ডাউনলোড করা অন্যায় বা অবৈধ কোনো কাজ নয়, যদি তা হয় পার্সোনাল অফলাইন ব্যবহারের জন্য, ব্যবসায়ের জন্য নয়। কোনো ব্যবহারকারীরই উচিত হবে না এমন কোনো কনটেন্ট ডাউনলোড করা, যদি না দেখতে পান ওই কনটেন্টের জন্য সার্ভিসে ইউটিউবের মাধ্যমে 'download' বা অনুরূপ লিঙ্ক প্রদর্শিত হয়। তবে যাই হোক, অফলাইন ভিডিও উপভোগ করলে গুগল এবং ভিডিও নির্মাতারা কিছুটা ক্ষতিগ্রস্ত হবেন আর্থিকভাবে। এ কারণে ইউটিউব ভিডিও বিজ্ঞাপন প্রচার করে থাকে। বিনা খরচে কমপিউটারে ইউটিউব ভিডিও উপভোগ করার উপায় ব্যবহারকারীদের উদ্দেশে নিচে তুলে ধরা হয়েছে।

লক্ষণীয়, এ পেজে শুধু আপনার কমপিউটারে ইউটিউব ভিডিও ডাউনলোড বা সেভ করার কৌশল নিয়ে আলোচনা করা হয়েছে। এখানে আপনার ইউটিউব ওয়েবসাইটে ইউটিউব ভিডিও আপলোড বা সেভ করার কৌশল নিয়ে আলোচনা করা হয়নি। এছাড়া ইউটিউব ভিডিওর শুধু একটি এমপিথ্রি ফাইল সেভ করার প্রসঙ্গেও আলোচনা করা হয়নি। ইউটিউব ভিডিও ডাউনলোড করার জন্য যা যা দরকার তা নিম্নরূপ :

## সফটওয়্যার

অনলাইন ভিডিও ডাউনলোডিং কার্যক্রমকে সর্বোত্তমভাবে কন্ট্রোল করার জন্য প্রচুর পরিমাণে থার্ডপার্টি সফটওয়্যার রয়েছে। এসব থার্ডপার্টি সফটওয়্যার দিয়ে আপনি অ্যাপে ইউটিউব ভিডিওর জন্য শুধু ইউআরএল পেস্ট করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন সর্বোচ্চ মানের ভার্সনের ফরম্যাট, যেমন– এমপিফোর ফরম্যাট। এ ক্ষেত্রে ইউটিউব ভিডিও সব হবে ফ্ল্যাশভিত্তিক। সুতরাং আপনার ডাউনলোড হবে একটি FLV ফাইল। তবে এটি প্লেব্যাকের ক্ষেত্রে বেশ সমস্যা সৃষ্টি করতে পারে। এমপিফোর সব জায়গায় এবং সবকিছু প্লে করতে পারে।

## ক্লিপগ্র্যাব

ডোনেশনওয়্যার : উইন্ডোজ/ম্যাক/লিনআক্স

ক্লিপগ্র্যাব হলো এক মাল্টি-প্লাটফরম সফটওয়্যার, যা জনপ্রিয় ওয়েবসাইট থেকে যেমন– ইউটিউব, ভিমিও, ডেইলিমোশন বা ম্যাটক্যাফে ভিডিও ডাউনলোড করার সুবিধা দেয়ার পাশাপাশি চমৎকারভাবে কাজ করতে পারে। মাল্টিগ্র্যাব টুলটি অন্যান্য সফটওয়্যারের সাথে আনঅফিশিয়ালি কাজ করতে পারে। অফিশিয়ালি সাপোর্টেড সাইটের জন্য এর রয়েছে একটি বিল্ট-ইন সার্চ ফাংশন। ধরুন, আপনি একটি ফরম্যাট বেছে নিলেন ভিডিও ডাউনলোডের জন্য। ক্লিপগ্র্যাব টুলটি ডাউনলোড করা অন্যান্য ফাইল ফরম্যাটকে যেমন– এমপিথ্রি, এমপিইজিফোর, ওজিজি থিওরা বা ডব্লিউএমভি প্রয়োজন অনুযায়ী তাৎক্ষণিকভাবে তা কনভার্ট করে নেবে। আপনার আইওএস ডিভাইসের জন্য ভিডিও ডাউনলোডের উদ্দেশ্যে দেবে ইনস্ট্রাকশন। যেহেতু এটি একটি ডোনেশনওয়্যার, তাই এটি ফ্রি ডাউনলোড করে নিতে পারবেন।

## ওয়াইটিডি ভিডিও ডাউনলোডার

ওয়াইটিডি ভিডিও ডাউনলোডার (YTD Video Downloader) টুলটির উইন্ডোজ/ম্যাক উপযোগী ফ্রি এবং পেইড উভয় ভার্সন রয়েছে। ওয়াইটিডি শুধু যে ইউটিউবের সাথে কাজ করতে পারে তা নয়, বরং অন্যান্য ভিডিও হোস্টিং সাইটের সাথেও চমৎকারভাবে কাজ করতে পারে। এই টুলটি ফাইলকে অন্যান্য ফরম্যাটে কনভার্ট করতে পারে। এক বছরের জন্য ফি দিলে ওয়াইটিডি ভিডিও ডাউনলোডার টুলের সাথে পাওয়া যাবে অন্যান্য আরও কিছু ফাংশন, যেমন– এক সাথে মাল্টিপল ভিডিও এবং ডাউনলোড এক্সেলারেশন, যেখানে থাকবে না কোনো বিজ্ঞাপন। ওয়াইটিডি টুলের রয়েছে অ্যান্ড্রয়িড এবং আইওএস অ্যাপ। আইওএস ভার্সন আসলে ভিডিও ডাউনলোড করতে পারে না, যেখানে অ্যান্ড্রয়িড ভার্সন ভিডিও ডাউনলোড করতে পারে। তবে গুগল প্লে থেকে ইনস্টল করা যায় না। এ ক্ষেত্রে আপনাকে ব্যবহার করতে হবে ইনস্ট্রাকশনের সাথে দেয়া 'এপিকে' ফাইল।

## এভিসি আল্টিমেট

এভিসি আল্টিমেট টুলটির উইন্ডোজ এবং ম্যাক উপযোগী ফ্রি ও পেইড ভার্সন রয়েছে। এভিসি আল্টিমেট দাবি করে, এটি শুধু ডাউনলোড করতে পারে না বরং একশ'র বেশি সাইট থেকে ভিডিও ডাউনলোড করতে পারে। যেমন– ইউটিউব ও ফেসবুক। এটি স্ট্রিমিং ভিডিও ক্যাপচার করতে পারে। যেমন– নেটফ্লিক্স থেকে ভিডিও স্ট্রিমিং ক্যাপচার করতে পারে। এভিসি টুলটি ডিভিডি রিপ করতে পারে এবং দেয় কিছু ভিডিও এডিটিং সুবিধা।

## হেল্পার সাইট

আপনি কি সফটওয়্যার ইনস্টল করা এড়িয়ে যেতে চান? এ ক্ষেত্রে ডাউনলোড হেল্পার সাইট আপনার জন্য কনভার্সন সুবিধাসহ ডাউনলোড লিঙ্ক দেয়ার মাধ্যমে ভালোভাবে কাজ করবে। এতে দীর্ঘ সময় নিতে পারে। এ বিষয়টি অবশ্য নির্ভর করে আপনার কাঙ্ক্ষিত ভিডিওর সাইজ ও মানের ওপর। যেমন– ১০৮০ পিক্সেলের একটি দুই মিনিটের ট্রেইলার মুভির সাইজ হতে পারে ৫০ মেগাবাইটের কাছাকাছি। এ ধরনের শত শত সাইট আছে। যেমন– FLVto, YFVF, Savido, TubeGrabber, GrabClip ইত্যাদি।

## ইউটিউব ডাউনলোডার

এ সাইট ব্যবহার করতে চাইলে আপনাকে ইউটিউব সাইটে গিয়ে ইউআরএলে YouTube-এর সামনে DownLoad Video-এর সংক্ষিপ্ত রূপ "dlv" টাইপ করতে হবে। ফলে "www.youtube.com" পরিণত হবে www.dlvyoutub.com. হিসেবে। আপনি এই সাইটে ফরোয়ার্ড হবেন এবং এটি আপনার কাঙ্ক্ষিত ভিডিও নিয়ে আসবে। আপনার কাঙ্ক্ষিত ভিডিও ফরম্যাট বা অডিও বেছে নিয়ে ডাউনলোড করুন। এগুলো বুকমার্ক দিয়ে থাকে যাতে ইউটিউব ভিডিও দেখার সময় রাখতে চাইলে আপনি টুলবারে ক্লিক করতে পারবেন। অথবা সাইটে শুধু ভিডিও ইউআরএল পেস্ট করলেই হবে, যা খুব সহজেই করা যায়। এর খারাপ দিকটি হলো– এটি শুধু ইউটিউবে কাজ করে, অন্য কোনো সাইটে কাজ করে না। একই ধরনের ফাংশনালিটিসহ অন্যান্য সাইট সম্পৃক্ত করে ইউটিউব মাঙ্কি ডাউনলোডার। এটি ব্যবহার করতে চাইলে www.youtube.com ইউআরএলকে www.youtubemonkey.com হিসেবে পরিবর্তন করতে হবে।

## ক্লিপ কনভার্টার ডটসিসি

ক্লিপ কনভার্টার হলো একটি ফ্রি অনলাইন মিডিয়া কনভার্সন অ্যাপ্লিকেশন, যা আপনাকে সুযোগ দেবে যেকোনো ধরনের অডিও বা ভিডিও ইউআরএলকে কমন ফরম্যাটে রূপান্তরের। বর্তমানের সাপোর্টেড সার্ভিসগুলো হলো ইউটিউব (৭২০পি, ১০৮০পি, ৪কে), ভিমিওসহ আরও

*(বাকি অংশ ৬৫ পৃষ্ঠায়)*